

(প্রেস বিজ্ঞপ্তি)

০৬ ফেব্রুয়ারি'২০২৪খ্রি.

### লিডার্স স্কুল এন্ড কলেজ চট্টগ্রামের বার্ষিক পুরস্কার প্রদান ও সাংস্কৃতিক অনুষ্ঠান সম্পন্ন

"লিডার্স শিক্ষা মডেল-২০১৮" এর আলোকে "ভালো মানুষ গড়ার প্রত্যয়ে" মঙ্গলবার অনুষ্ঠিত হল লিডার্স স্কুল এন্ড কলেজ চট্টগ্রামের ৪র্থ বার্ষিক পুরস্কার প্রদান ও সাংস্কৃতিক অনুষ্ঠান। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম সিটি মেয়র (প্রতিমন্ত্রী) বীর মুক্তিযোদ্ধা মোঃ রেজাউল করিম চৌধুরী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রতিষ্ঠানের অধ্যক্ষ কর্নেল আবু নাসের মোঃ তোহা, বিএসপি, এসজিপি, এএফডব্লিউসি, পিএসসি (অব.)। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অত্র প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান ব্রিগেডিয়ার জেনারেল ডাঃ মোহাম্মদ আলী চৌধুরী এমবিবিএস, এমপিএইচ, এমফিল, সিসিডি, এফসিজিপি (অব.), পরিচালনা পর্ষদের সাবেক সভাপতি কর্নেল মোহাম্মদ কাশেম, পিএসসি (অবঃ), কাউন্সিলর মোঃ সাহেদ ইকবাল বাবু, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল কাশেম, বায়েজিদ জোনের এসি মোঃ বেলায়েত হোসেন, বায়েজিদ থানার ওসি সঞ্জয় কুমার সিনহা। এছাড়াও উপস্থিত ছিলেন অত্র প্রতিষ্ঠানের সম্মানিত উপাধ্যক্ষ ও পরিচালনা পর্ষদের সদস্য মোঃ সাইফুল ইসলাম, মোঃ মাহাবুব আলম চৌধুরী প্রমুখ। অত্র প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে মনোমুগ্ধকর সন্ধ্যাকালীন পরিবেশে বর্ণিল সাজে সজ্জিত প্রতিষ্ঠান প্রাঙ্গনে পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে অনুষ্ঠিত হয় ৪র্থবার্ষিক পুরস্কার প্রদান ও সাংস্কৃতিক অনুষ্ঠান-২০২৪।

প্রধান অতিথির বক্তব্যে মেয়র রেজাউল করিম অত্র প্রতিষ্ঠানের এই বর্ণিল অনুষ্ঠানের ভূয়াসী প্রশংসা করেন। মেয়র বলেন, লিডার্স স্কুল এন্ড কলেজ চট্টগ্রাম বাংলাদেশে শিক্ষার মাধ্যমে মানব সম্পদ উন্নয়নে যে অগ্রণী ভূমিকা রেখে যাচ্ছে তা সত্যিই প্রশংসনীয়।

অধ্যক্ষ কর্নেল আবু নাসের মোঃ তোহা তাঁর বক্তব্যে অত্র প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের বিভিন্ন স্থানীয়, জেলা, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের বিভিন্ন অর্জনের কথা তুলে ধরেন। অধ্যক্ষের বক্তব্য শেষে মেয়র রেজাউল ২০২৩ শিক্ষাবর্ষে শিক্ষার্থীদের বিভিন্ন অর্জন, প্রতিষ্ঠানের শ্রেষ্ঠ শিক্ষার্থী, শ্রেষ্ঠ সেকশন ও চ্যাম্পিয়ন ও রানারআপ হাউজকে পুরস্কার প্রদান করেন। পুরস্কার প্রদান শেষে প্রতিষ্ঠানের ২য় বার্ষিকী 'লিডার্স-২' এর মোড়ক উন্মোচন করেন মেয়র। মোড়ক উন্মোচন শেষে অনুষ্ঠানের ২য় পর্বের সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮